



# উত্তরা ব্যাংক লিমিটেড

আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।

অর্থক্ষণ আদালত আইন-২০০৩ ইং এর ১২(৩) ধারার বিধান মতে

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নাম: জনাব মোহাম্মদ হোসেন, পিতা-হাজী মনসুর আলী, মাতা-মৃত আমেনা বেগম, ঠিকানা: বাড়ি নং-৩৩৬/সি হোসেন ম্যানসন, হাউজিং কলোনি গেইট, পশ্চিম হোসেন আহম্মদ পাড়া, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম তার নিজ নামে উত্তরা ব্যাংক লিমিটেড, লালখান বাজার শাখা হতে Uttaran House Repairing Renovation Loan গ্রহণ করেছিলেন, যা মেয়াদ উত্তীর্ণ হয়ে খেলাপী ঋণে পরিণত হয়। উক্ত ঋণের জামানত হিসেবে নিম্নে উল্লেখিত তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট রেজিস্ট্রি বন্ধক রাখেন। বারবার তলব ও তাগাদা দেয়া সত্ত্বেও ঋণ গ্রহীতার নিকট হতে ব্যাংকের পাওনা টাকা আদায় করা সম্ভব হয়নি। ০৬-০৬-২০২৩ ইং তারিখ পর্যন্ত সুদসহ ব্যাংকের সর্বমোট পাওনা টাকা ৩২,৫৩,৭১৫.৪৪ (বত্রিশ লক্ষ তিগ্নান্ন হাজার সাতশত পনের টাকা চুয়াল্লিশ পয়সা) মাত্র। ঋণ নেওয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতাগণ বন্ধকীকৃত সম্পত্তি বিক্রি করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেন। তার/তাদের প্রদত্ত ক্ষমতাবলে এবং উল্লিখিত আইনের বিধান মতে নিম্ন তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রি করার জন্য সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী ক্রেতাগণ কর্তৃক নিম্নে বর্ণিত তফসিলে দরপত্রে অংশগ্রহণ করতে পারবে যাহা আগামী ১২-০৭-২০২৩ ইং তারিখ বেলা ১ (এক) ঘটিকার মধ্যে উত্তরা ব্যাংক লিমিটেড, লালখান বাজার শাখায় রক্ষিত বাঞ্ছা দরপত্র জমা করতে অথবা খামের উপর “সম্পত্তি ক্রয় দরপত্র” লিখে সরাসরি/রেজিস্ট্রি ডাকযোগে উক্ত শাখায় প্রেরণ করতে হবে এবং ঐ দিন বেলা ৩ (তিন) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংক লিঃ-এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচি অনুযায়ী বাকী টাকা পরিশোধ করতে হবে :

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	দরপত্রের বাকী টাকা পরিশোধের সময়সীমা
অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হইতে অনূর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিন
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিন

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লেখিত মূল্য অপরিাপ্ত বা কম প্রতীয়মান হলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাইবে না। এ ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্টাম্প ডিউটি ও অন্যান্য শুল্ক যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

### তফসিল

জিলা-চট্টগ্রাম, থানা-পতেঙ্গা, মৌজা-উত্তর পতেঙ্গা, জে.এল. নং-২৪, আর.এস. জরিপের আর.এস-২১১৩, ২১৭২, বি.এস-৫১১, বি.এস মিউটেশন-৫১১/৩, দাগ নং-আরএস-১৯৪৬, ১৯৫৫, ১৯৪৯, বি.এস-৩৮০৫, ৩৮০৩ এর আন্দর ৫.৬৭ শতক জায়গার উপর ৪ তলা আবাসিক ভবন। জমির মালিক জনাব মোহাম্মদ হোসেন (ঋণগ্রহীতা নিজে)।

আঞ্চলিক প্রধান

চেয়ারম্যান, টেন্ডার কমিটি